# রাজনৈতিক ব্যক্তিবর্গ, সাংবাদিকবৃন্দ, ব্যবসায়ী ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ এবং সুশীল সমাজের প্রতিনিধিদের সমন্বয়ে হাকিমপুর ফাউন্ডেশন গঠন ও উপজেলার সামগ্রিক উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভার কার্যবিবরণী:

**উপজেলা- হাকিমপুর, জেলা- দিনাজপুর।**

| | |
|---|---|
| সভাপতি: | জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর। |
| তারিখ: | ২৩/০৯/২০২৫ |
| সময়: | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান: | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। ফাউন্ডেশনের নামকরণ, গঠনতন্ত্র প্রস্তুত ও লোগো চূড়ান্তকরণ।
২। ফাউন্ডেশনের অফিসের জায়গা নির্ধারণ প্রসঙ্গে।
৩। তহবিল সংগ্রহ।
৪। ব্যাংক হিসাব খোলা ও FDR খোলা প্রসঙ্গে।
৫। অন্যান্য / বিবিধ

অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত রাজনৈতিক ব্যক্তিবর্গ, ব্যবসায়ী ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ এবং সুশীল সমাজের প্রতিনিধিদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার জানান যে, হাকিমপুর উপজেলা শিক্ষা, সংস্কৃতি, খেলাধুলা ও স্বাস্থ্যক্ষেত্রে অনেক পিছিয়ে রয়েছে। তিনি বলেন যে, হাকিমপুর উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে রাজনৈতিক নেতৃবৃন্দ, ব্যবসায়ী ও পেশাজীবী সংগঠনের ব্যক্তিবর্গ, সুশীল সমাজ, সংস্কৃতিমনা এবং শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের সমন্বয়ে একটি ফাউন্ডেশন গড়ে তোলা প্রয়োজন। এরপর তিনি এ বিষয়ে উপস্থিত সকলের মতামত ব্যক্ত করার আহ্বান জানান।

সুশীল সমাজের প্রতিনিধি ও সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মো: আকরাম হোসেন, উপজেলা নির্বাহী অফিসার এর এই উদ্যোগকে সাধুবাদ জানান। তিনি জানান যে, হাকিমপুর উপজেলায় সাংস্কৃতিক চর্চা এবং শিশু-কিশোরদের বিনোদনের জন্য কোন নির্ধারিত স্থান বা প্রতিষ্ঠান নেই। ফলে সাংস্কৃতিক চর্চা নেই বললেই চলে। তিনি উপজেলা নির্বাহী অফিসারের এই মহৎ উদ্যোগকে সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

হাকিমপুর উপজেলা বিএনপি সভাপতি জনাব মোঃ ফেরদৌস রহমান বলেন যে, হাকিমপুর ফাউন্ডেশন বাস্তবায়ন হলে উপজেলার দরিদ্র মেধাবী শিক্ষার্থীরা সাহায্য পাবে। ফলে দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের পড়ালেখার পথ সহজতর হবে। তিনি সকলের উদ্দেশ্যে বলেন যে, হাকিমপুর উপজেলা আপনার-আমার সকলের। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রস্তাবিত ফাউন্ডেশনটি গঠিত হলে সকলের সহযোগিতার মাধ্যমে আমরা আমাদের এই ছোট উপজেলাকে এগিয়ে নিতে পারবো। তিনি বাংলাহিলি রেলওয়ে স্টেশনে কমপক্ষে ০২ টি আন্তনগর ট্রেন থামানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বাংলাহিলি রেলওয়ে স্টেশনে ০২ টি আন্তঃনগর ট্রেন থামানোর বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অনুরোধ করবেন মর্মে সভায় আশ্বাস দেন।

মুখুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: জামান আলী এই উদ্যোগকে সাধুবাদ জানান। তিনি বলেন যে ফাউন্ডেশনটি করা হলে অনেক শিক্ষার্থী উপকৃত হবে। তিনি বর্তমান উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে এ ফাউন্ডেশনটি প্রতিষ্ঠা করার আশাবাদ ব্যক্ত করেন।

পাউশগাড়া উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ জনাব মোঃ সেলিম রেজা সভায় প্রস্তাব করেন যে, বর্তমান উপজেলা নির্বাহী অফিসার মহোদয় চিরকাল হাকিমপুরে থাকবেন না; কিন্তু তিনি যে ফাউন্ডেশন গঠনের কথা বলছেন সেটি আমাদের এলাকার উন্নয়নে ব্যাপক সহায়তা করবে। তিনি ফাউন্ডেশনের কার্যপরিধিতে খেলাধুলার মান উন্নয়ন সংক্রান্ত বিষয়টি প্রস্তাব করেন।

এন.সি.পি প্রতিনিধি জনাব তন্ময় বলেন যে, বর্তমান স্যার যে উদ্যোগ নিয়েছেন তা প্রশংসনীয়। স্যারের এই মহান উদ্যোগকে সাধুবাদ জানাই। উনার এই উদ্যোগ বাস্তবায়নে ছাত্র সমাজ আপ্রাণ সহযোগিতা করবে মর্মে প্রতিশ্রুতি ব্যক্ত করেন। তিনি খেলাধুলার বিষয়কে আরও প্রাধান্য দেয়ার আহ্বান জানান।

ব্যবসায়ী প্রতিনিধি জনাব মো: ফজলুর রহমান সকল ব্যবসায়িক সংগঠন পাশে থাকার আশ্বাস প্রদান করেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, উদ্যোগটি ভালো, তবে সকলের সার্বিক সহযোগিতা ছাড়া এ ফাউন্ডেশন গড়ে তোলা সম্ভব নয়। তিনি উপস্থিত সকলকে আজীবন সদস্য হওয়ার আহ্বান জানান এবং তিনি আরো কয়েকটি ফাউন্ডশনের আজীবন সদস্য হয়েছেন মর্মে তাঁর মতামত ব্যক্ত করেন। তিনি ফাউন্ডেশন করার জন্য অর্থের প্রয়োজন আছে মর্মে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি তাঁর পূর্ব অভিজ্ঞতার প্রেক্ষিতে ফাউন্ডেশনের আজীবন সদস্য হওয়ার জন্য ২০,০০০/- টাকা এবং সাধারণ সদস্যদের জন্য ১,০০০/- টাকা সকলকে অনুদান হিসেবে প্রদান করার জন্য অনুরোধ করেন।

শিক্ষক প্রতিনিধিসহ উপস্থিত সকলে উপজেলা নির্বাহী অফিসার এর এই উদ্যোগকে সাধুবাদ জানান এবং সকলে সহযোগিতা করবেন মর্মে আশ্বাস প্রদান করেন।

সকলের মতামতের ভিত্তিতে ফাউন্ডেশনের নাম "**হাকিমপুর ফাউন্ডেশন**" করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায় সকলের উপস্থিতিতে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত :**

(১) **গঠনতন্ত্র প্রণয়ন ও লোগো তৈরি কমিটি:** সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে গঠনতন্ত্র পূরণয়ন ও লোগো তৈরি করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠিত হয়:

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | আহবায়ক |
| ২ | সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৩ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৫ | জনাব এস,এম হায়দার, সহকারী অধ্যাপক, হাকিমপুর সরকারি মহিলা ডিগ্রি কলেজ | সদস্য |
| ৬ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৭ | জনাব মো: তোফাজ্জল হোসেন, প্রধান শিক্ষক, গোহাড়া দ্বি-মূখী উচ্চ বিদ্যালয় | সদস্য |
| ৮ | মোছা: কাওছার পারভীন লিপি, প্রধান শিক্ষক, জালালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় | সদস্য |
| ৯ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ১০ | জনাব মেহেরুন নেছা, প্রধান শিক্ষক, হরিহরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |

**সিদ্ধান্ত:** (১) গঠিত কমিটি অন্যান্য ফাউন্ডেশনের গঠনতন্ত্র পর্যালোচনা করে একটি যুগোপযোগী গঠনতন্ত্র প্রণয়ন করবেন। এছাড়া এই কমিটি ফাউন্ডেশনের একটি লোগো তৈরি করার জন্য কাজ করবেন।

(২) গঠিত কমিটি প্রয়োজনে অন্য কোন ব্যক্তি/সদস্য কো-অপ্ট করতে পারবেন।

২ নং আলোচ্য বিষয়: ফাউন্ডেশনের অফিসের জায়গা নির্ধারণ প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, হাকিমপুর ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনার জন্য একটি অফিস প্রয়োজন। এ প্রসঙ্গে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে ইতোমধ্যে হাকিমপুর উপজেলার নতুন পাবলিক লাইব্রেরি ভবন নির্মাণ করার জন্য কার্যক্রম চলমান। উক্ত ভবন নির্মাণ করা হলে ভবনের একটি কক্ষ ফাউন্ডেশনের অফিস হিসেবে ব্যবহার করা যেতে পারে মর্মে উপজেলা নির্বাহী অফিসার প্রস্তাব করেন।

**সিদ্ধান্ত:** (১) নতুন পাবলিক লাইব্রেরী ভবন নির্মাণ করা হলে তার একটি কক্ষ হাকিমপুর ফাউন্ডেশনের অস্থায়ী অফিস হিসেবে

(২) নতুন পাবলিক লাইব্রেরী ভবন নির্মাণ না হওয়া পর্যন্ত পুরাতন লাইব্রেরীর কক্ষটি হাকিমপুর ফাউন্ডেশনের অস্থায়ী অফিস হিসেবে ব্যবহার হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩নং আলোচ্য বিষয়: তহবিল সংগ্রহ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে আজীবন সদস্য পদের জন্য ২০,০০০/- টাকা এবং সাধারণ সদস্যদের জন্য ১,০০০/- টাকা নির্ধারণ করার বিষয়ে সকলের সম্মতিতে সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত:** (১) হাকিমপুর ফাউন্ডেশনের আজীবন সদস্য পদের জন্য ২০,০০০/- টাকা এবং সাধারণ সদস্যদের জন্য ১,০০০/- টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত অর্থ কমিটি গঠিত হয়:

অর্থ কমিটি:

| | | |
|---|---|---|
| ১ | সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর, দিনাজপুর | আহবায়ক |
| ২ | উপজেলা কৃষি কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৩ | অধ্যক্ষ, হাকিমপুর সরকারি মহিলা ডিগ্রি কলেজ | সদস্য |
| ৪ | প্রধান শিক্ষক, বাসুদেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৫ | প্রধান শিক্ষক, বাংলাহিলি-১ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৬ | সুপার, কন্দর্পপুর দাখিল মাদ্রাসা, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৭ | প্রধান শিক্ষক, কলন্দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৮ | প্রধান শিক্ষক, গোহাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাকিমপুর, দিনাজপুর | সদস্য |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | সদস্য সচিব |

**সিদ্ধান্ত:** (১) গঠিত কমিটি সদস্যদের নিকট হতে অনুদান সংগ্রহের জন্য কাজ করবেন।
(২) গঠিত কমিটি প্রয়োজনে অন্য কোন ব্যক্তি/সদস্য কো-অপ্ট করতে পারবেন।

৪নং আলোচ্য বিষয়: ফাউন্ডেশনের নামে আদায়কৃত টাকা ব্যাংকে গচ্ছিত রাখার জন্য ব্যাংকে একটি হিসাব খোলা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আদায়কৃত টাকা প্রথমে ব্যাংকের হিসাব নম্বরে জমা হবে। উক্ত বক্তব্য শোনার পর উপস্থিত সদস্যগণ আলাপ আলোচনা করে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত: (১)** অর্থ কমিটি কর্তৃক সংগৃহীত টাকা সোনালী ব্যাংক পিএলসি, হাকিমপুর শাখায় হাকিমপুর ফাউন্ডেশনের নামে হিসাব খুলে উক্ত হিসাবে টাকা জমা প্রদান করবেন।

(২) উক্ত হিসাবটি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, হাকিমপুর ফাউন্ডেশন এবং অর্থ কমিটির সদস্যসচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। পরবর্তীতে গঠনতন্ত্র অনুযায়ী উক্ত হিসাবটি পরিচালিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫নং আলোচ্য বিষয়: বাংলাহিলি রেলওয়ে স্টেশনে কমপক্ষে ০২ (দুই) টি আন্তঃনগর ট্রেন থামানোর বিষয়ে উপস্থিত সদস্যগণ আলাপ আলোচনা করে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত :** (১) বাংলাহিলি রেলওয়ে স্টেশনে কমপক্ষে ০২ (দুই) টি আন্তঃনগর ট্রেন থামানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকের মাধ্যমে সচিব, রেলপথ মন্ত্রণালয়, মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় শিশুদের বিনোদনের জন্য কোন পার্ক নেই। তিনি জানান যে, উপজেলা পরিষদ চত্বরের পুকুর সংলগ্ন ফাকা জায়গায় পার্ক তৈরী করা যেতে পারে এবং অত্র উপজেলায় অবস্থিত তুলসীগঙ্গা নদীর নামে "তুলসীগঙ্গা শিশু পার্ক" নামকরনের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। এছাড়া তিনি আরও জানান উপজেলা শিল্পকলা একাডেমী ভবনের প্লান ও প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। শিল্পকলা একাডেমিক ভবন তৈরী করতে বরাদ্দ চেয়ে জেলা প্রশাসক, দিনাজপুর, মহোদয়ের মাধ্যমে সচিব সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া উপজেলা কমপ্লেক্স চত্বরে শিল্পকলা একাডেমীর বিদ্যমান কাজের সংস্কারের জন্য বরাদ্দ চেয়ে মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একডেমী বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

তিনি আরও বলেন যে, উপজেলায় কোন স্কাউট ভবন নেই। এই অসুবিধা দূরীকরণের জন্য তিনি প্রধান শিক্ষক, বাংলাহিলি পাইলট স্কুল এন্ড কলেজের একটি কক্ষ স্কাউট এর অফিস কক্ষ হিসাবে জন্য অনুরোধ করেন। উক্ত কক্ষটি পরিষ্কার পরিচ্ছন্ন করার পর অফিস হিসাবে ব্যবহার করা হবে। আসবাব পত্র ক্রয় করার জন্য তিনি প্রশাসক, হাকিমপুর পৌরসভা, হাকিমপুর, দিনাজপুরকে টিআর বরাদ্দ হতে বরাদ্দ প্রদান করার জন্য অনুরোধ করেছেন।

উপজেলা কমপ্লেক্স চত্বরে উপজেলা পরিষদ আদর্শ বিদ্যা নিকেতন ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টি ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত হয়। উক্ত স্কুল ভবনের শ্রেণীকক্ষগুলো ব্যবহারে অনুপযোগী হওয়ার কারনে স্কুলটিতে এ এলাকার অভিভাবকগণ তাদের সন্তানদেরকে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করতে অনীহা প্রকাশ করে থাকেন। তাই স্কুলটির ভালো পরিবেশ করার জন্য কিছু সংস্কারের প্রয়োজন। তিনি আরও জানান যে, উক্ত প্রতিষ্ঠানের নাম ইতোমধ্যে 'উপজেলা পরিষদ আদর্শ বিদ্যা নিকেতন' হিসাবে পরিবর্তন করা হয়েছে।

তিনি বলেন যে, হাকিমপুর উপজেলায় অফির্সাস ক্লাব থাকলেও তা একটি কক্ষে সীমাবদ্ধ। প্রয়োজনীয় সংস্কার করা সম্ভব হয়নি। ইনডোর স্টেডিয়াম না থাকার কারনে কর্মকর্তাগণ নিয়মিত খেলাধুলা করতে পাচ্ছেন না। তাই তিনি ইনডোর স্টেডিয়াম স্থাপনের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। তিনি আরও জানান হাকিমপুর উপজেলায় উপজেলা ক্রীড়া সংস্থার জন্য কোন ভবন বা অফিসের জন্য কোন জায়গা নেই। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অফিসার্স ক্লাব ইনডোর স্টেডিয়াম নির্মাণ করা হলে সেখানে উপজেলা ক্রীড়া সংস্থার জন্য প্রয়োজনীয় সংখ্যক কক্ষ/জায়গা বরাদ্দ প্রদান করা যাবে।

উপজেলা নির্বাহী অফিসার হাকিমপুর, দিনাজপুর উক্ত কাজগুলো সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগীতা কামনা করেন।

**সিদ্ধান্ত :** উপজেলা নির্বাহী অফিসার এর সকল উদ্যোগকে সকলে সাধুবাদ জানিয়ে সার্বিক সহযোগীতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৯/২০২৫

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৮৮৭৮৪৫০
e-mail:unohakimpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাকিমপুর, দিনাজপুর
*www.hakimpur.dinajpur.gov.bd*

স্মারক নং- ০৫.৫৫.২৭৪৭.০০০.০৪.০১৫.২৫- ৭৩৭(১০০)

তারিখঃ ০৯ ভাদ্র ১৪৩২ / ২৪ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। উপজেলা ..........................................................অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
৩। অধ্যক্ষ,..........................................................কলেজ, হাকিমপুর, দিনাজপুর।
৪। প্রধান শিক্ষক, ..........................................................বিদ্যালয়, হাকিমপুর, দিনাজপুর।
৫। জনাব ..........................................................
৬। অফিস নথি।

২৪/০৯/২০২৫

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর।